গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
শারীরিক শিক্ষা বিভাগ
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১১২.৬৫.০৪.২০১৫/ ৬৬৪৪ তারিখঃ ২৪ অক্টোবর ২০২৬ খ্রি.

বিষয় : বাংলাদেশ স্কাউটস কর্তৃক আয়োজিত দ্বাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণকারী দলের নাম ও রেজি: ফি প্রেরণ সম্পর্কীয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনায় আগামী ২৪-৩০ ডিসেম্বর, ২০২৬ পর্যন্ত পূর্বাচল, ঢাকায় **'দ্বাদশ জাতীয় রোভার মুট'** অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধানমন্ত্রী মুটের শুভ উদ্বোধন করবেন বলে আশা করা যাচ্ছে। দ্বাদশ জাতীয় রোভার মুট সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মাননীয় মন্ত্রিপরিষদ সচিব মহোদয়কে আহ্বায়ক করে ৭৭ সদস্য বিশিষ্ট একটি শক্তিশালী মুট সাংগঠনিক কমিটি গঠন করা হয়েছে।

উক্ত মুটে দেশের ৬৪টি জেলার বিভিন্ন কলেজ থেকে আনুমানিক ২,০০০ (দুই হাজার) রোভার স্কাউট দল অংশগ্রহণ করবে বলে আশা করা যাচ্ছে। দীক্ষাপ্রাপ্ত ৮ জন রোভার স্কাউট ও ১ জন প্রশিক্ষণপ্রাপ্ত রোভার স্কাউট লিডার (শিক্ষক) সমন্বয়ে ১টি দল গঠিত হবে। ছেলে দলের সাথে প্রশিক্ষণপ্রাপ্ত পুরুষ রোভার লিডার ও মেয়ে দলের সাথে অবশ্যই প্রশিক্ষণপ্রাপ্ত মহিলা রোভার লিডার থাকতে হবে। প্রতিটি দলকে মুটের নির্দিষ্ট রেজিস্ট্রেশন ফরম পূরণ ও নির্ধারিত ফি পরিশোধ করে যথানিয়মে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে। উক্ত রোভার মুটে অংশগ্রহণের জন্য বাংলাদেশ স্কাউটস থেকে নির্ধারিত রেজিস্ট্রেশন ফি প্রেরণ সম্পর্কিত নির্দেশনাবলী নিম্নরূপ :

১। প্রতিটি দলের জন্য ৩,০০০.০০ (তিন হাজার) টাকার ১টি ডিডি/পে-অর্ডার মারফত **'দ্বাদশ জাতীয় রোভার মুট'** শিরোনামে রেজিস্ট্রেশন ফি **আগামী ২০ অক্টোবর, ২০২৬ তারিখের** মধ্যে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল, জাতীয় স্কাউট ভবন (১৪তলা), **৬০ আজুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০"** এই ঠিকানায় পাঠাতে হবে।

২। ডিডি/পে-অর্ডার এর সাথে প্রতিটি দলের ২ সেট কাগজপত্রের হার্ডকপি জেলার মাধ্যমে (রেজি: ফরম ও অভিভাবকের সম্মতিপত্র) রোভার অঞ্চলে পাঠাতে হবে।

৩। **কোনক্রমেই মেয়ে দলের সাথে পুরুষ রোভার লিডার প্রেরণ করা যাবে না।**

বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, আপনার কলেজ থেকে সর্বোচ্চ ছেলে ও মেয়ের দলকে আলাদাভাবে মনোনীত করে রেজিস্ট্রেশন ফিসহ কাগজপত্র জেলা রোভার স্কাউটস সম্পাদকের মাধ্যমে **আগামী ২০ অক্টোবর, ২০২৬ তারিখের** মধ্যে বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল, জাতীয় স্কাউট ভবন (১৪তলা), ৬০ আজুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০" এই ঠিকানায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি : বর্ণনামতে।

২৪/১০/২০২৬
(প্রফেসর মো: শহিদুল ইসলাম)
উপপরিচালক, শারীরিক শিক্ষা
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।

০১। পরিচালক
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)

সংযুক্তি :
১) মুট পরিপত্র-১ ;
২) ইউনিট রেজিস্ট্রেশন ফরম-সংযোজনী 'ক' ও অভিভাবকের অনুমতিপত্র সংযোজনী 'খ'।

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে:
০১। কমিশনার, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা ।
০২। অধ্যক্ষ, সরকারি/বেসরকারী কলেজ (সকল)।
০৩। সহ-সভাপতি (সকল), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল;
০৪। নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস;
০৫। আঞ্চলিক উপ-কমিশনার (প্রোগ্রাম ও আন্তর্জাতিক), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল;
০৬। বিভাগীয় রোভার নেতা প্রতিনিধি (সকল), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল;
০৭। কমিশনার/সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, জেলা রোভার (সকল)। আপনার জেলার আওতাধীন কলেজসমূহ থেকে ইউনিট প্রেরণে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ করা হলো।
০৮। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল;
০৯। বিভাগীয় সিনিয়র রোভার মেট প্রতিনিধি (সকল), বাংলাদেশ স্কাউটস রোভার অঞ্চল (প্রয়োজনীয় সহযোগিতার জন্য)।
১০। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা (অধিদপ্তরের ওয়েবসাইটে পত্রটি প্রকাশের অনুরোধসহ)।
১১। সংরক্ষণ নথি।

দ্বাদশ জাতীয় রোভার মুট

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর
৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০

পরিপত্র-১

বাংলাদেশ স্কাউটস প্রতি চার বছর অন্তর রোভার স্কাউটদের সর্ববৃহৎ সমাবেশ "জাতীয় রোভার মুট" আয়োজন করে থাকে। এরই ধারাবাহিকতায় বাংলাদেশ স্কাউটস এর ব্যবস্থাপনা ও পরিচালনায় আগামী ২৪-৩০ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত দ্বাদশ জাতীয় রোভার মুট আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। দ্বাদশ জাতীয় রোভার মুটের স্থান ঢাকার অদূরে পূর্বাচল ১নং সেক্টরে তিনশ ফিট সংলগ্ন নারায়ণগঞ্জের রূপগঞ্জে অবস্থিত ন্যাশনাল ক্রিকেট গ্রাউন্ড-এ নির্ধারণ করা হয়েছে। দ্বাদশ জাতীয় রোভার মুট সুষ্ঠু বাস্তবায়নের লক্ষ্যে ৭৭ সদস্য বিশিষ্ট মুট সাংগঠনিক কমিটি গঠন করা হয়েছে।

২। দ্বাদশ জাতীয় রোভার মুটের জন্য আকর্ষণীয়, চ্যালেঞ্জিং, রোমাঞ্চকর, শিক্ষামূলক, আনন্দদায়ক প্রোগ্রাম প্রণয়ন করা হয়েছে। শীঘ্রই পরিপত্র-২ এর মাধ্যমে বিস্তারিত প্রোগ্রাম সকলকে অবহিত করা হবে।

৩। **স্থান :** দ্বাদশ জাতীয় রোভার মুটের ভেন্যু হিসেবে ঢাকার তিনশ ফিট সংলগ্ন পূর্বাচল ১নং সেক্টরে " ন্যাশনাল ক্রিকেট গ্র্যাউন্ড, রূপগঞ্জ, নারায়ণগঞ্জ" নির্ধারণ করা হয়েছে।

৪। **তারিখ :** দ্বাদশ জাতীয় রোভার মুট আগামী ২৪-৩০ ডিসেম্বর ২০২৬ অনুষ্ঠিত হবে। প্রতিটি ইউনিটকে আগামী ২৪ ডিসেম্বর ২০২৬ তারিখ পূর্বাহ্নে মুট স্থলে রিপোর্ট করতে হবে এবং ৩০ ডিসেম্বর ২০২৬ তারিখ পূর্বাহ্নে মুট স্থল ত্যাগ করতে হবে।

৫। **অংশগ্রহণকারীর যোগ্যতা :** দ্বাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণকারীদের যোগ্যতা হবে নিম্নরূপ :

ক) দ্বাদশ জাতীয় রোভার মুট সাংগঠনিক কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক শুধুমাত্র জেলা রোভার কর্তৃক নির্ধারিত ইউনিটসমূহ নির্ধারিত কোটা অনুযায়ী দ্বাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের সুযোগ পাবে।

খ) কমপক্ষে প্রশিক্ষণ স্তরের রোভার স্কাউট দ্বাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের সুযোগ পাবে। আমার স্কাউট রেকর্ড (মাই প্রোগ্রেস) বই দক্ষতা স্তর নির্ধারণের মানদন্ড হিসেবে বিবেচিত হবে। অতএব অংশগ্রহণকারী রোভার স্কাউটদের মাই প্রোগ্রেস অবশ্যই সাথে আনতে হবে।

গ) প্রত্যেক রোভার স্কাউটকে শারীরিকভাবে সুস্থ ও সংক্রামক রোগ মুক্ত হতে হবে। 'Water activities' এ অংশগ্রহণের জন্য সাঁতার জানা বাধ্যতামূলক। এ বিষয়ে নিজ ইউনিটের রোভার স্কাউট লিডারের প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। ঠান্ডা, রোদ ও পানিতে পরিশ্রম করতে সক্ষম এমন রোভার স্কাউটকে নির্বাচিত করার জন্য ইউনিটসমূহকে অনুরোধ জানানো হলো। রোভার স্কাউট ও ইউনিট লিডারগণকে তাঁবুতে অবস্থান ও সব ধরনের পরিস্থিতিতে নিজেকে মানিয়ে নেওয়ার যোগ্যতা থাকতে হবে।

৬। **ইউনিটে অংশগ্রহণকারীর সংখ্যা :** ৮ জন রোভার স্কাউট ও ১ জন রোভার স্কাউট লিডারের সমন্বয়ে একটি ইউনিট বা দল অংশগ্রহণ করবে। দ্বাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের জন্য প্রতিটি ইউনিটের সাথে আবশ্যিকভাবে একজন প্রশিক্ষণপ্রাপ্ত রোভার স্কাউট লিডার থাকতে হবে। রোভার (মেয়ে) ইউনিটের ক্ষেত্রে অবশ্যই মহিলা ইউনিট লিডার থাকতে হবে। অঞ্চল এবং জেলাসমূহকে এ বিষয়ে সতর্ক দৃষ্টি রাখার জন্য অনুরোধ করা হলো।

৭। **অংশগ্রহণকারীদের কোটা :** দ্বাদশ জাতীয় রোভার মুট সাংগঠনিক কমিটির সভায় নিম্নরূপ কোটা নির্ধারণ করা হয়েছে :

ক্রমিক	অঞ্চলের নাম	দ্বাদশ জাতীয় রোভার মুটের জন্য বরাদ্দকৃত ইউনিটের সংখ্যা		
		রোভার (ছেলে) ইউনিট	রোভার (মেয়ে) ইউনিট	মোট
১	রোভার	৬৬০	২৬৩	৯২৩
২	রেলওয়ে	৩০	১০	৪০
৩	নৌ	১৫	৭	২২
৪	এয়ার	১০	৫	১৫
	মোট=	৭১৫	২৮৫	১০০০

বিঃ দ্র : যে সকল জেলা এখনও জেলা রোভার মুট বাস্তবায়ন করেনি সে সকল জেলা মুট বাস্তবায়ন শেষে জাতীয় সদর দফতরে তথ্যাদি প্রেরণ করার পর সংশ্লিষ্ট জেলাকে ইউনিট কোটা বরাদ্দ করা যাবে। তবে এই তথ্য অবশ্যই আগামী ৩০ জুন ২০২৬ এর মধ্যে সংশ্লিষ্ট অঞ্চলের মাধ্যমে জাতীয় সদর দফতরে প্রেরণ করতে হবে।

৮। **কন্টিনজেন্ট লিডার :** রোভার অঞ্চলের অংশগ্রহণকারী স্ব স্ব জেলার ইউনিটের সাথে একজন করে জেলাভিত্তিক কন্টিনজেন্ট লিডার এবং রেলওয়ে, নৌ ও এয়ার অঞ্চলে ১ জন করে কন্টিনজেন্ট লিডারকে দ্বাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের সুযোগ প্রদান করা হবে। এজন্য তাঁকে মুটের নির্দিষ্ট রেজিস্ট্রেশন ফরম পূরণ করে নির্ধারিত ফি পরিশোধ করে যথানিয়মে রেজিস্ট্রেশন করতে হবে।

৯। **রেজিস্ট্রেশন :** দ্বাদশ জাতীয় রোভার মুটের রেজিস্ট্রেশন ফি নিম্ন হারে ধার্য্য করা হয়েছে :

ক্রম	বিবরণ		রেজিস্ট্রেশন ফি (টাকা)
১	প্রতি ইউনিট (৮ জন রোভার স্কাউট+ ১ জন ইউনিট লিডার) =৯ জন		৩,০০০.০০
২	কর্মকর্তা (জন প্রতি)		১,০০০.০০
৩	বিদেশী অংশগ্রহণকারী কর্মকর্তা/রোভার/ভিজিটরগণ অংশগ্রহণ করতে পারবে (প্রতি জন)		১০০.০০(US Dollar)
৪	স্বেচ্ছাসেবক রোভার স্কাউট		৫০০.০০
৫	জিডিভি স্টল (প্রদর্শনী পল্লী ও অন্যান্য) স্টল ভাড়া + ২ জনের রেজিস্ট্রেশন ফিসহ		৮,০০০.০০
৬	টপ-অ্যাচিভার'স গ্যাদারিং	শাপলা কাব/ প্রেসিডেন্ট'স স্কাউট /প্রেসিডেন্ট'স রোভার স্কাউট অ্যাওয়ার্ড অর্জনকারী (প্রতি জন)	১,০০০.০০
৭	উডব্যাজার'স গ্যাদারিং	উডব্যাজধারী অ্যাডাল্ট লিডার (প্রতি জন)	১,০০০.০০
৮	সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ডী গ্যাদারিং	স্কাউট শাখা ও রোভার শাখায় সমাজ উন্নয়ন অ্যাওয়ার্ড অর্জনকারী	১,০০০.০০
৯	সিনিয়র রোভার মেট গ্যাদারিং	প্রাক্তন ও বর্তমান সিনিয়র রোভার মেটগণ অংশগ্রহণ করতে পারবে	১,০০০.০০
১০	ভলান্টিয়ার্স নাইট	মুটে অংশগ্রহণকারী স্বেচ্ছাসেবক রোভার অংশগ্রহণ করতে পারবে	৫০০.০

দ্বাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণকারী রোভার স্কাউট এবং রোভার স্কাউট লিডারদের অত্র পরিপত্রের সাথে সংযুক্ত রেজিস্ট্রেশন ফরম ও অভিভাবকের অনুমতিপত্র যথাযথভাবে (সংযোজনী "ক ও খ") পূরণ করে সংশ্লিষ্ট জেলা ও অঞ্চলের মাধ্যমে আগামী ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে দ্বাদশ জাতীয় রোভার মুট সচিবালয়, জাতীয় সদর দফতর, ৬০ আঞ্জুমান মুফিদুল ইসলাম সড়ক, কাকরাইল, ঢাকা-১০০০ বরাবর পাঠাতে হবে। তবে রেজিঃ ফরমের সাথে **রেজিস্ট্রেশন ফি এর অর্থ - ডিডি/পে-অর্ডার মারফত "দ্বাদশ জাতীয় রোভার মুট" শিরোনামে পাঠাতে হবে।**

১০। **খাদ্য ব্যবস্থাপনা :** দ্বাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণকারী ইউনিটসমূহকে নিজস্ব ব্যবস্থাপনায় রান্না করে খাবার গ্রহণ করতে হবে। ইউনিটভিত্তিক রান্না করার জন্য প্রয়োজনীয় তৈজসপত্র, ব্যক্তিগত থালা, গ্লাস, জগ, মগ ইত্যাদি সাথে আনতে হবে। মুট এলাকায় অস্থায়ী কাঁচা বাজার স্থাপন করা হবে। সম্ভাব্য সকল প্রয়োজনীয় উপকরণ মুট বাজারে পাওয়া যাবে।

১১। **আবাসন ব্যবস্থাপনা :** অংশগ্রহণকারী সকল ইউনিটকে সাব ক্যাম্পভিত্তিক নিজের ব্যক্তিগত তাঁবুতে অবস্থান করতে হবে। সকল অংশগ্রহণকারীকে তাঁবু সাথে করে আনতে হবে। তাঁবুতে বসবাসের এবং আবহাওয়া উপযোগী বিছানাপত্র, লেপ/কম্বল, তোষক, বালিশ , গ্রাউন্ডসীট ইত্যাদি সাথে আনতে হবে। মুট কর্তৃপক্ষ কর্তৃক কোন প্রকার তাঁবু ও বিছানাপত্র সরবরাহ করা হবে না।

১২। **যাতায়াত ব্যবস্থা :** মুট ভেন্যু ঢাকার অদূরে পূর্বাচল ১নং সেক্টরে তিনশ ফিট সংলগ্ন ন্যাশনাল ক্রিকেট গ্রাউন্ড, রূপগঞ্জ, নারায়ণগঞ্জে অবস্থিত। বাংলাদেশের প্রতিটি জেলা থেকে বিভিন্ন উপায়ে মুট ভেন্যুতে যাওয়া যাবে। এ বিষয়ে বিস্তারিত পরবর্তী পরিপত্রে উল্লেখ করা হবে।

১৩। **যোগাযোগ :** দ্বাদশ জাতীয় রোভার মুটের যে কোন বিষয়ে তথ্য সংগ্রহণের জন্য নির্বাহী পরিচালক, বাংলাদেশ স্কাউটস ও সদস্য সচিব, মুট সাংগঠনিক কমিটি এবং যুগ্ম নির্বাহী পরিচালক (প্রোগ্রাম) ও যুগ্ম নির্বাহী পরিচালক (প্রশাসন), যুগ্ম সদস্য সচিব, মুট সাংগঠনিক কমিটি, বাংলাদেশ স্কাউটস এর সাথে যোগাযোগ করা যেতে পারে।

দ্বাদশ জাতীয় রোভার মুট সুষ্ঠু ও সফলভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করি।

১৫/০৪/২৫

(নাসিমুল গনি)
সভাপতি
দ্বাদশ জাতীয় রোভার মুট সাংগঠনিক কমিটি
বাংলাদেশ স্কাউটস
ও
মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সরকার

স্মারক নম্বর- বাঃ স্কাঃ (রোভার মুট)/২৯৩৬(৫৭৬)/২০২৫ তারিখ : ১৫/৪/২০২৫

বিতরণ : জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। আঞ্চলিক উপ কমিশনার (প্রোগ্রাম), বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
২। আঞ্চলিক সম্পাদক, বাংলাদেশ স্কাউটস, সকল অঞ্চল;
৩। কমিশনার, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা রোভার/নৌ জেলা/এয়ার জেলা/রেলওয়ে জেলা;
৪। প্রফেশনাল স্কাউট এক্সিকিউটিভ (সকল), বাংলাদেশ স্কাউটস;
৫। সম্পাদক', বাংলাদেশ স্কাউটস, সকল জেলা রোভার/নৌ জেলা/এয়ার জেলা/রেলওয়ে জেলা;

সদয় জ্ঞাতার্থে :

১। সভাপতি, বাংলাদেশ স্কাউটস;
২। প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
৩। উপ প্রধান জাতীয় কমিশনার, বাংলাদেশ স্কাউটস;
৪। কোষাধ্যক্ষ, বাংলাদেশ স্কাউটস;
৫। অন্তর্বর্তীকালীন জাতীয় নির্বাহী কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস;
৬। মুট সাংগঠনিক কমিটির সদস্য (সকল), বাংলাদেশ স্কাউটস;
৭। সভাপতি, বাংলাদেশ স্কাউটস, সকল জেলা ও জেলা রোভার।

(মোঃ শামসুল হক)
নির্বাহী পরিচালক (চলতি দায়িত্ব)
ও
সদস্য সচিব
দ্বাদশ জাতীয় রোভার মুট সাংগঠনিক কমিটি
বাংলাদেশ স্কাউটস
মোবাইল: ০১৭১২৫৬১২৩৩
ই-মেইল: adm@scouts.gov.bd

সংযোজনী-ক

দ্বাদশ জাতীয় রোভার মুট

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর

রেজিস্ট্রেশন ফরম

ইউনিটের নাম :	জেলা :
ঠিকানা :	অঞ্চল :
ইউনিট লিডারের নাম :	বেসিক কোর্সের সনদ নম্বর ও তারিখ : অ্যাডভান্সড কোর্সের সনদ নম্বর ও তারিখ :
স্কাউট যোগ্যতা :	শিক্ষাগত যোগ্যতা :
ইউনিট লিডারের মোবাইল নম্বর :	ইমেইল এড্রেস :

অংশগ্রহণকারী রোভার স্কাউটদের বিবরণ :

ক্রমিক	রোভার স্কাউটের নাম	জন্ম তারিখ	অধ্যয়নরত শ্রেণী	দীক্ষা গ্রহণের তারিখ	অবস্থানকারী স্তর
১					
২					
৩					
৪					
৫					
৬					
৭					
৮					

প্রতি স্বাক্ষর :

ইউনিট লিডার (স্বাক্ষর ও সীল)	গ্রুপ সভাপতি (স্বাক্ষর ও সীল)	জেলা সম্পাদক (স্বাক্ষর ও সীল)	আঞ্চলিক সম্পাদক (স্বাক্ষর ও সীল)

(প্রত্যেক ইউনিটের জন্য ৫ (পাঁচ) কপি ফরম পূরণ করে ১ (এক) কপি দ্বাদশ জাতীয় রোভার মুট সচিবালয়, জাতীয় সদর দফতরে ১ (এক) কপি অঞ্চলে, ১ (এক) কপি জেলায়, ১ (এক) কপি কন্টিনজেন্ট লিডার এর নিকট পাঠাতে হবে এবং ১(এক) কপি ইউনিট লিডারের নিকট সংরক্ষণ করতে হবে)।

সংযোজনী-খ

দ্বাদশ জাতীয় রোভার মুট

বাংলাদেশ স্কাউটস, জাতীয় সদর দফতর

অভিভাবকের অনুমতিপত্র

সদস্য সচিব
দ্বাদশ জাতীয় রোভার মুট
ও
নির্বাহী পরিচালক
বাংলাদেশ স্কাউটস

মাধ্যম ঃ সম্পাদক, বাংলাদেশ স্কাউটস.....অঞ্চল।

মহোদয়,

.....বিশ্ববিদ্যালয়ের/কলেজের/মুক্ত স্কাউট দলের ..... শ্রেণীর ছাত্র/ছাত্রী /.....ব্যাজ অর্জনকারী রোভার স্কাউট আমার পুত্র/কন্যা/পোষ্য.....কে ঢাকার অদূরে পূর্বাচল ১নং সেক্টরে তিনশ ফিট সংলগ্ন ন্যাশনাল ক্রিকেট গ্রাউন্ড, রূপগঞ্জ, নারায়ণগঞ্জে অনুষ্ঠিতব্য দ্বাদশ জাতীয় রোভার মুটে অংশগ্রহণের অনুমতি প্রদান করা হলো।

আমার জানামতে সে বর্তমানে সম্পূর্ণভাবে রোগমুক্ত ও সুস্বাস্থ্যের অধিকারী। আমার সন্তান সাঁতার জানে, শীত, গরম, রোদে পানিতে পরিশ্রম করতে সক্ষম এবং সংক্রামক রোগ মুক্ত।

অভিভাবকের স্বাক্ষর ও তারিখ
মোবাইল নম্বর :

রোভার স্কাউটের নাম :	
অভিভাবকের নাম :	
গ্রাম /হাউজ নং :	ফোন নম্বর :
ডাকঘর :	মোবাইল নম্বর :
উপজেলা :	ইমেইল :
জেলা :	

প্রতি স্বাক্ষর :

ইউনিট লিডার (স্বাক্ষর ও সীল)	গ্রুপ সভাপতি (স্বাক্ষর ও সীল)	জেলা সম্পাদক (স্বাক্ষর ও সীল)	আঞ্চলিক সম্পাদক (স্বাক্ষর ও সীল)

(প্রত্যেক ইউনিটের জন্য ৫ (পাঁচ) কপি ফরম পূরণ করে ১ (এক) কপি দ্বাদশ জাতীয় রোভার মুট সচিবালয়, জাতীয় সদর দফতরে ১ (এক) কপি অঞ্চলে, ১ (এক) কপি জেলায়, ১ (এক) কপি কন্টিনজেন্ট লিডার এর নিকট পাঠাতে হবে এবং ১ (এক) কপি ইউনিট লিডারের নিকট সংরক্ষণ করতে হবে)।